

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org,

E-mail : wbcuta@yahoo.in

জরুরী সার্কুলার

সার্কুলার- ৫/২০১৮

তারিখ : ১০-০৩-২০১৮

কনভেনর প্রাইমারী ইউনিট, ওয়েবকুটা/ জেলা সম্পাদক

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

পূর্ব ঘোষণা মত আমরা আগামী ১৯ মার্চ ২০১৮ সোমবার বেলা ২টার সময় আংশিক, অতিথি, চুক্তিভিত্তিক শিক্ষক সহ গ্রন্থাগারিকদের পেশাগত দাবি নিয়ে ‘বিকাশ ভবন অভিযান’-এর প্রস্তুতি নিচ্ছিলাম। কিন্তু ঐ দিন আর্থাৎ ১৯ মার্চ মাধ্যমিক পরীক্ষা থাকার জন্য আমাদের কর্মসূচী সংগঠিত করবার প্রশ্নে কিছু অসুবিধা হচ্ছে। সমগ্র পরিস্থিতি বিবেচনা করে কর্মসমিতি উপরোক্ত গুরুত্বপূর্ণ কর্মসূচী আগামী ১৯ তারিখের পরিবর্তে ২২ মার্চ ২০১৮ বৃহস্পতিবার দুপুর ২টায় সংগঠিত করবার সিদ্ধান্ত নিয়েছে। ইতিমধ্যে আপনাদের কাছে যে পোষ্টার পৌঁছেছে তাতে ১৯ এর পরিবর্তে ২২ করে দেবার জন্য অনুরোধ জানাই। এই কর্মসূচীতে শুধুমাত্র অস্থায়ী সহকর্মীবন্ধুরা অংশ নেবেন এমনটা নয়। পূর্ণসময়ের কর্মরত সকল শিক্ষকবন্ধুকে কর্মসূচীর গুরুত্ব বিবেচনা করে সর্বাধিক সংখ্যায় অংশগ্রহণের অনুরোধ জানাচ্ছি। পরিবর্তিত সূচী দ্রুত সংশ্লিষ্ট অস্থায়ী শিক্ষক ও গ্রন্থাগারিকবন্ধু সহ সমিতির সকল সদস্যবন্ধুর কাছে পৌঁছে দেওয়ার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করুন।

অভিনন্দন সহ

প্রতিমা প্রহরাজ

(শ্রুতিনাথ প্রহরাজ)

সাধারণ সম্পাদক

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আহ্বানে
রাজ্যের কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে কর্মরত সর্বস্তরের আংশিক, অস্থায়ী ও চুক্তি
ভিত্তিক শিক্ষক ও গ্রন্থাগারিকদের

- সমকাজে সম-বেতন প্রদান
- চাকুরীর নিরাপত্তা ও নির্দিষ্ট শর্তাবলী প্রণয়ন
- সমস্ত প্রকার আংশিক, অতিথি ও কলেজ নিযুক্ত চুক্তি ভিত্তিক শিক্ষক ও গ্রন্থাগারিকদের সরকারী পে-প্যাকেট এর আওতাভুক্ত করা
- ‘শিক্ষক’ মর্যাদার সঙ্গে পেশাগত কর্মসম্পাদনের অধিকারের দাবিতে

বিকাশ ভবন অভিযান

২২ মার্চ, ২০১৮ বেলা ২টায়

জমায়েতের স্থান : আচার্য সদন , করুণাময়ী, সল্টলেক

সকল আংশিক, অস্থায়ী ও চুক্তির ভিত্তিতে নিযুক্ত শিক্ষক ও গ্রন্থাগারিকবন্ধু সহ পূর্ণ সময়ে কর্মরত সমিতির সদস্যবন্ধুগণ যোগ দিন।